



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোন : ৯৫৬০৭৩৭
পিএবিএক্স : ৯৫৬০০২১-২২
(এক্সটেনশন-২৩৪)
E-mail : dgmsme@krishibank.org.bd

এসএমই বিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-২০১৯/২২

তারিখঃ ০১/০৮/২০১৮

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/
স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০১৮-১৯ অর্থবছরে এসএমই এর আওতায় বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব দিনকে দিন বৃদ্ধি পাওয়ায় এসএমই ঋণ কার্যক্রমকে অধিকতর গতিশীল ও ফলপ্রসূ করার জন্য প্রত্যেক অর্থবছরে ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক বাৎসরিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার সাথে এসএমই ঋণের লক্ষ্যমাত্রা আলাদাভাবে নির্ধারণ করে দেয়া হয়। এসএমই খাতের গুরুত্ব বিবেচনায় নিয়ে বিগত ১৬/০৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৭১৪ তম সভায় অত্র ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরে এসএমই এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৩৫০০.০০ (তিন হাজার পাঁচ শত) কোটি টাকা নির্ধারণ করা হয়েছে। বিগত ২০১৭-১৮ অর্থবছরে বিভাগসমূহের পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে ২০১৮-১৯ অর্থবছরে বিভাগওয়ারী এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে বন্টন করে দেয়া হয় যা ইতিমধ্যে প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ কর্তৃক পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৪/২০১৮, তারিখঃ ১৯/০৭/২০১৮ মূলে জারী করা হয়েছে।

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	এসএমই ঋণ বিতরন লক্ষ্যমাত্রা					সর্বমোট
		প্রকল্প ঋণ	চলমান/তলবী ঋণ				
			ট্রেডিং	সেবা	ম্যানুফেকচারিং	মোট	
০১.	ঢাকা	৭৫.০০	৪৪০.০০	৯০.০০	১৯০.০০	৭২০.০০	৭৯৫.০০
০২.	ময়মনসিংহ	১৮.০০	১৯০.০০	১৫.০০	১০.০০	২১৫.০০	২৩৩.০০
০৩.	চট্টগ্রাম	১০.০০	২২০.০০	১৫.০০	১০.০০	২৪৫.০০	২৫৫.০০
০৪.	খুলনা	২৮.০০	১৫০.০০	৪০.০০	১৮০.০০	৩৭০.০০	৩৯৮.০০
০৫.	বরিশাল	৫.০০	৪০.০০	১৫.০০	১০.০০	৬৫.০০	৭০.০০
০৬.	সিলেট	২১.০০	১০০.০০	১৫.০০	১০.০০	১২৫.০০	১৪৬.০০
০৭.	কুমিল্লা	৬৪.০০	২৫০.০০	১৫.০০	১০.০০	২৭৫.০০	৩৩৯.০০
০৮.	ফরিদপুর	৩৭.০০	৯০.০০	৭০.০০	৯০.০০	২৫০.০০	২৮৭.০০
০৯.	কুষ্টিয়া	২৭.০০	১৪০.০০	১৫.০০	২০.০০	১৭৫.০০	২০২.০০
১০.	এলপিও	১৫.০০	৫৮০.০০	১০.০০	১৭০.০০	৭৬০.০০	৭৭৫.০০
	মোটঃ	৩০০.০০	২২০০.০০	৩০০.০০	৭০০.০০	৩২০০.০০	৩৫০০.০০


বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ উপরোক্ত লক্ষ্যমাত্রা মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে বন্টন করবেন। বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বন্টিত লক্ষ্যমাত্রার পত্রের একটি কপি অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। একইভাবে বিভাগ থেকে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে বন্টন করবেন।

০২। চলতি ২০১৮-১৯ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে মাঠকার্যালয়সমূহকে বছরের শুরু থেকেই নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবেঃ

- ক) শাখার আওতাধীন এলাকায় এসএমই ঋণ বিতরণের সম্ভাব্যতা চিহ্নিত করে একটি তালিকা প্রস্তুতপূর্বক বছরের শুরু থেকেই গুণগত মানসম্পন্ন এসএমই ঋণ বিতরণ করে পারফরমিং এসেট বৃদ্ধি করতে হবে;
- খ) সামগ্রিকভাবে এসএমই ঋণে ঋণ বিতরণে মাঝারি ঋণের চেয়ে ক্ষুদ্র, মাইক্রো ও কটেজ ঋণে ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে;
- গ) বিতরণ লক্ষ্যমাত্রার কমপক্ষে শতকরা ১০ ভাগ নারী উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ করতে হবে। প্রতিটি শাখা কর্তৃক ০৫ (পাঁচ) জন যোগ্য ও প্রতিশ্রুতিশীল নারী উদ্যোক্তা খুঁজে বের করে ডিসেম্বর/২০১৮ এর মধ্যে ০৩ (তিন) জন সম্ভাবনাময় নারী উদ্যোক্তাকে অর্থায়ন করতে হবে;
- ঘ) বিদ্যমান ঋণ হিসাবসমূহ যথাসময়ে নবায়নের বিষয়টি নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। সম্পূর্ণ নতুন ঋণ গ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে প্রতিমাসে প্রতি শাখায় কমপক্ষে ০২ (দুই) জন নতুন গ্রাহককে এসএমই ঋণ প্রদান করতে হবে;
- ঙ) এসএমই ঋণ প্রবাহ বৃদ্ধিকল্পে প্রতিটি মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহকে মাসে তার আওতাধীন শাখাসমূহের গ্রাহকদের অনুকূলে কমপক্ষে ৩০টি এবং বিভাগীয় কার্যালয়সমূহকে (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার মাধ্যমে প্রাপ্ত) কমপক্ষে ২৫টি ঋণ প্রস্তাব মঞ্জুরির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চ) শাখা/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক/বিভাগীয় কার্যালয়সমূহ কর্তৃক বিদ্যমান নগদ পুঁজি/চলতি মূলধন ঋণ হিসাবসমূহ দ্রুততম সময়ের মধ্যে নিম্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রেরণের ক্ষেত্রে ঋণ প্রস্তাবসমূহ মেয়াদপূর্তির দুই মাস পূর্বেই গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ মঞ্জুরকারী কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে;
- ছ) নিয়ন্ত্রনকারী কার্যালয়সমূহ কর্তৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখা/অঞ্চল সমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করতে হবে; এবং
- জ) শাখাসমূহকে সাপ্তাহিক/মাসিক প্রতিবেদন প্রস্তুতকালে এসএমই ঋণ বিতরণ ও আদায়ের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং করতে হবে।

০৩। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং-২৬/২০১০ (এসএমই ঋণ নীতিমালা) তারিখঃ ৩০/১১/২০১০ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক আগামী ২০১৮-১৯ অর্থবছরে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনের পরামর্শ দেয়া হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ অর্থবছরের শুরু থেকেই মাঠ পর্যায়ে উক্ত ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

আপনার বিশ্বস্ত


(মোঃ শহিদুল ইসলাম)


মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

নং-বিকেবি-প্রকা/এসএমইবি-৭(৫)/২০১৮-২০১৯/২২(১২৫০)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা; (তাকে পত্রখানি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৬. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. নথি/মহানথি।


(মিজা আরিফুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক